দৈনিক খবর

তারিখ 02 JUN 1992
পৃষ্ঠা 9 কলাম 2

16

# প্রতি থানায় একটি স্কুল ও কলেজ সরকারীকরণ করা হবে

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, পর্যায়ক্রমে প্রতিটি থানায় অন্ততঃ একটি স্কুল ও একটি কলেজ সরকারীকরণ করা হবে। তিনি বলেন, নারী শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে এ কর্মসূচীতে বালিকা বিদ্যালয়গুলোকে অগ্রাধিকার প্রদান করা হবে।

শিক্ষামন্ত্রী রোববার বিকেলে জাতীয় সংসদ ভবনে শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির ৭ম সভায় সভাপতির ভাষণে একথা বলেন। সভায় কমিটির সদস্য বেগম খুরশীদ জাহান হক, মনিরুল হক চৌধুরী, অধ্যাপক রফিকুল ইসলাম, আবদুর রউফ মিয়া, শাহ মোঃ রুহুল কুদ্দুস ও মশিউর রহমান যোগদান করেন। শিক্ষা সচিব জনাব শফিউল আলম ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সরকারের নীতি অত্যন্ত সুস্পষ্ট। সরকার আগামী ২০০০ সালের মধ্যে দেশকে নিরক্ষরতার অভিশাপ মুক্ত করতে ইতিমধ্যেই বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী চালু করেছে। তিনি বলেন, বিএনপি সরকার পর্যায়ক্রমে প্রতিটি গ্রামে গণশিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করবে।

সভায় বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ, ১৯৭৩-এর কতিপয় ধারা নিয়ে আলোচনা করা হয় এবং একে সময়োপযোগী করে তোলার জন্য অধ্যাদেশের আধুনিকীকরণের ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় শিক্ষার মান উন্নয়ন, সেশন জট নিরসন ও সন্ত্রাস বন্ধের ওপরও বিস্তারিত আলোচনা করা হয়।— তথ্য বিবরণী।